
দৈনিক খবর
বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
তারিখ 0 3 MAY 1989
পৃষ্ঠা ... ৬ কলাম ১ ...

# শিক্ষাঙ্গনে

## নবীনগর সরকারী কলেজ

# ৪ বছর পরও উন্নতি হয়নি


নবীনগর সরকারী কলেজ

।। আবুল কালাম আজাদ ।।

নবীনগর (ব্রাহ্মণবাড়িয়া)ঃ নবীনগর সরকারী কলেজ সরকারীকরণের ৪ বছর পরও ছাত্র–ছাত্রী এবং শিক্ষকদের সাধারণ সুবিধাদি পর্যন্ত বৃদ্ধি পায়নি। সমস্যার অন্তরালে আবদ্ধ হয়ে কলেজের লেখা–পড়ার স্বাভাবিক পরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে।

তিতাস বিধৌত নবীনগর উপজেলা সদরে ১৯৬৯ সালে প্রতিষ্ঠিত হয় নবীনগর সরকারী কলেজ। এলাকাবাসীর বহু ত্যাগ, তিতিক্ষা, সংগ্রাম আর প্রচেষ্টার ফলে ১৯৮৫ সালের জুলাই মাসে কলেজটি সরকারীকরণ হয়। কলেজে

সরকারী উন্নত তদারকী, আধুনিক শিক্ষার পরিবেশ , উন্নত ব্যবস্থাপনাসহ প্রতিষ্ঠাকাল থেকে জড়িয়ে থাকা

কলেজের নানা সমস্যাগুলোর বাস্তব ও সুষ্ঠু সমাধানের প্রত্যাশা নিয়ে কলেজটিকে সরকারীকরণ করা হলেও ঐসব প্রত্যাশা শুধু প্রত্যাশার মধ্যেই সীমাবদ্ধ রয়ে গেছে।

কলেজের বেষ্টনী প্রাচীর না থাকায় কলেজের শিক্ষার স্বাভাবিক পরিবেশ মারাত্মকভাবে বিঘ্নিত হচ্ছে। কলেজ প্রাঙ্গণের ভিতর দিয়ে অবাঞ্ছিত লোকদের ব্যাপক আনাগোনা ও গরু– ছাগলের উৎপাত ব্যাপক আকারে বৃদ্ধি পেয়েছে। ক্লাসরুমের স্বল্পতা এবং প্রয়োজনীয় আসবাবপত্রের অভাবে ছাত্র–ছাত্রীদের ঠিকভাবে ক্লাস করানো যাচ্ছে না। ছাত্র–ছাত্রীদের কমনরুমের রয়েছে অব্যবস্থা।

কলেজে কোন ছাত্রাবাস না থাকায় দূর–দূরান্ত থেকে আগত প্রায় ৩ শতাধিক ছাত্র–ছাত্রীর পক্ষে বর্তমানে পড়াশুনা চালিয়ে যাওয়া প্রায় অসম্ভব হয়ে পড়েছে। সকল বর্ষের বিভিন্ন বিভাগের প্রায় সাড়ে ৭শ' ছাত্র–ছাত্রীর জন্য আজো কোন টয়লেট নির্মাণের ব্যবস্থা নেয়া হয়নি। অথচ সরকারীকরণের পর ৪ বছর অতিবাহিত হতে চলেছে। কলেজে অধ্যক্ষ ও অন্যান্য কর্মচারীর জন্য কোন সরকারী বাসভবন নির্মিত হয়নি। এতে সংশ্লিষ্ট শিক্ষকবৃন্দ দারুণভাবে আবাসিক সংকটে ভুগছেন। অফিস স্টাফের জন্য কলেজের নানাবিধ কাজকর্মসহ স্বাভাবিক শিক্ষা দান ব্যাহত হচ্ছে। অথচ কলেজের ছাত্রসংখ্যাও প্রতিবছরই বেড়ে চলছে।

দীর্ঘদিন যাবৎ নবীনগর সরকারী কলেজে ডিগ্রী পরীক্ষা কেন্দ্র চালু করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট ধর্না দেয়া হচ্ছে। কিন্তু রহস্যজনক কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ ব্যাপারে সক্রিয় পদক্ষেপ গ্রহণ করছেন না বলে জানা গেছে। ডিগ্রী পরীক্ষা কেন্দ্র না থাকায় ছাত্র–ছাত্রীদের অবর্ণনীয় দুর্ভোগ পোহাতে হচ্ছে। বিশ্ববিদ্যালয় প্রচলিত নিয়ম অনুযায়ী যেখানে ৮০ জন পরীক্ষার্থী থাকলেই ১টি ডিগ্রী পরীক্ষা কেন্দ্র চালু করা যায়, সেখানে এই কলেজে বর্তমানে বি, এ, বি, কম ক্লাসে প্রায় দেড় শতাধিক ছাত্র–ছাত্রী থাকার পরও বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ক্রমাগত গড়িমসি প্রদর্শন করছেন।

এলাকাবাসী অবিলম্বে নবীনগর সরকারী কলেজে বি, এসসি বিভাগ চালুসহ ডিগ্রী পরীক্ষা কেন্দ্র চালু করার জন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের সুদৃষ্টি কামনা করেছেন।